# বিক্রয় কোবালা

জেলা- পূর্ব মেদিনীপুর, থানা ও এ. ডি. সাবরেজিষ্ট্রী অফিস- তমলুক

**মৌজা - আলিনান, জে. এল. নং - ৩৯**

**(ক) তপশীল ভুক্ত সম্পত্তি যাহা অত্র দলিলের ১ নং, ২ নং, ৩ নং, ৪ নং, ৫ নং, ৬ নং, ৭ নং, ৮ নং ও ৯ নং বিক্রেতাগনের বিক্রীত সম্পত্তি হইতেছে।**

বর্তমান এল. আর. সেটেলমেন্টে ৫০ নং, ৫২১ নং, ১০৩৬ নং, ১৩৪৫ নং, ১৩৪৬ নং, ১৩৮৫ নং, ১৫৪৬ নং এবং ১৫৪৭ নং খতিয়ানের অন্তর্গত

**আর. এস. ও এল. আর.**

**১৪২১/৩৪৯৬ দাগ ভুক্ত মোট ০৪.০৬৭ ডেসিমল জলজমি**

বার্ষিক রাজস্ব – ১.২৫ টাকা। মূল্য – ২,২৩,৬৮৫ টাকা।

**(খ) তপশীল ভুক্ত সম্পত্তি যাহা অত্র দলিলের ৮ নং, ৯ নং ও ১০ নং বিক্রেতাগনের বিক্রীত সম্পত্তি হইতেছে।**

বর্তমান এল. আর. সেটেলমেন্টে ১৫৪৬ নং, ১৫৪৭ নং এবং ৫৬ নং খতিয়ানের অন্তর্গত

**আর. এস. ও এল. আর.**

**১৪২১/৩৪৯৭ দাগ ভুক্ত মোট ০.৭৫০ ডেসিমল বর্তমান জলজমি**

বার্ষিক রাজস্ব – ০.২৫ টাকা। মূল্য – ৪১,৩১৫ টাকা।

**দুইটি তপশীলে বিক্রীত সম্পত্তির সর্বমোট পরিমান ০৪.৮১৭ ডেসিমল।**

মোট বার্ষিক রাজস্ব – ১.৫০ টাকা। সর্বমোট মূল্য – **২,৬৫,০০০** টাকা।

## ক্রেতাদ্বয়ঃ-

১) **শ্রী কালিপদ মাল**, পিতা – স্বর্গীয় ভুবন মাল
আধার সংখ্যাঃ

২) **শ্রী গুরুপদ মাল**, পিতা – শ্রী চন্ডী চরন মাল
আধার সংখ্যাঃ

উভয়ের জাতি – হিন্দু (ভারতীয় নাগরিক)
পেশা -কৃষিকার্যাদি
সাকিন ও পোঃ - আলিনান, থানা – তমলুক
জেলা - পূর্ব মেদিনীপুর, পিন - ৭২১১৩৭।

## বিক্রেতাগণঃ-

১) **শ্রী অশোক মন্ডল,** আধার সংখ্যাঃ
পিতা – স্বর্গীয় মদন মোহন মন্ডল
সাকিন ও পোঃ – আলিনান, থানা – তমলুক
জেলা – পূর্ব মেদিনীপুর, পিন- ৭২১১৩৭।

২) **শ্রী মানিক মন্ডল,** আধার সংখ্যাঃ
পিতা – স্বর্গীয় প্রফুল্ল মন্ডল
সাকিন ও পোঃ – আলিনান, থানা – তমলুক
জেলা – পূর্ব মেদিনীপুর, পিন- ৭২১১৩৭।

৩) **শ্রীমতী রেনুকা মন্ডল,** আধার সংখ্যাঃ
স্বামী – শ্রী গোবিন্দ চরন মন্ডল
পিতা – স্বর্গীয় প্রফুল্ল মন্ডল
সাকিন - আবাসবাড়ীচর পোঃ ও থানা – তমলুক
জেলা – পূর্ব মেদিনীপুর, পিন- **৭২১৬৩৬**।

৪) **শ্রী সুকুমার মন্ডল,** আধার সংখ্যাঃ
পিতা – স্বর্গীয় মদন মোহন মন্ডল
সাকিন ও পোঃ – আলিনান, থানা – তমলুক
জেলা – পূর্ব মেদিনীপুর, পিন- **৭২১১৩৭**।

৫) **শ্রী চন্ডীচরন মন্ডল,** আধার সংখ্যাঃ
পিতা – স্বর্গীয় গৌরহরি মন্ডল
সাকিন ও পোঃ – আলিনান, থানা – তমলুক
জেলা – পূর্ব মেদিনীপুর, পিন- **৭২১১৩৭**।

৬) **শ্রী পরিক্ষীত মন্ডল,** আধার সংখ্যাঃ
পিতা – স্বর্গীয় গৌরহরি মন্ডল
সাকিন ও পোঃ – আলিনান, থানা – তমলুক
জেলা – পূর্ব মেদিনীপুর, পিন- **৭২১১৩৭**।

৭) **শ্রী শীতল চন্দ্র মন্ডল,** আধার সংখ্যাঃ
পিতা – স্বর্গীয় যতীন্দ্র মন্ডল
সাকিন ও পোঃ – আলিনান, থানা – তমলুক
জেলা – পূর্ব মেদিনীপুর, পিন- ৭২১১৩৭।

৮) **শ্রী চন্ডীচরন মন্ডল,** আধার সংখ্যাঃ
পিতা – স্বর্গীয় গৌরহরি মন্ডল
সাকিন ও পোঃ – আলিনান, থানা – তমলুক
জেলা – পূর্ব মেদিনীপুর, পিন- ৭২১১৩৭।

৯) **শ্রী পঞ্চানন মন্ডল,** আধার সংখ্যাঃ
পিতা – স্বর্গীয় গৌরহরি মন্ডল
সাকিন ও পোঃ – আলিনান, থানা – তমলুক
জেলা – পূর্ব মেদিনীপুর, পিন- ৭২১১৩৭।

১০) **শ্রী অদ্বৈত মন্ডল,** আধার সংখ্যাঃ
পিতা – স্বর্গীয় দ্বারিকানাথ মন্ডল
সাকিন ও পোঃ – আলিনান, থানা – তমলুক
জেলা – পূর্ব মেদিনীপুর, পিন- ৭২১১৩৭।

সকলের জাতি - হিন্দু (ভারতীয় নাগরিক)
পেশা – কৃষিকার্যাদি ও গৃহকার্যাদি

কস্য রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট, বর্তমান এল. আর. সেটেলমেন্টে আমাদের নিজ নিজ নামিত খতিয়ান ভুক্ত ও পৈতৃক ওয়ারিশ সূত্রে প্রাপ্ত নিজ নিজ জোত স্বত্বদখলী রেকর্ড মতে জলজমি ও পথ ভূমি বর্তমান জলজমির জোতস্বত্ব স্বামিত্বাদির বিক্রয় কোবালা পত্র মিদং কার্যঞ্চাগে।

১) জেলা পূর্ব মেদিনীপুর, থানা, মহকুমা ও অতিরিক্ত জেলা অবরনিবন্ধন অফিস তমলুক, **জে. এল. নং ৩৯, আলিনান মৌজায়,** আর. এস. ও এল. আর. ১৪২১/৩৪৯৬ দাগে রেকর্ড মতে জলজমি মোট ১০ ডেসিমল মধ্যে বর্তমান এল. আর. সেটেলমেন্টে অত্র দলিলের আমি ১ নং বিক্রেতা অশোক মন্ডল, আমার নামিত ৫০ নং খতিয়ান ভুক্ত ০.০৩৩৩ অংশে ০.৩৩৩ ডেসিমল, অত্র দলিলের আমরা ২ নং ও ৩ নং বিক্রেতাদ্বয়, বর্তমান এল. আর. সেটেলমেন্টে ৫২১ নং খতিয়ান ভুক্ত ০.০৪০০ অংশে ০.৪০০ ডেসিমল আমাদের পিতাঠাকুর প্রফুল্ল মন্ডল-এর নামিত খতিয়ান ভুক্ত স্বত্বদখলী সম্পত্তি ছিল, আমাদের উক্ত পিতাঠাকুর প্রফুল্ল মন্ডল ও তাহার পত্নী অর্থাৎ আমাদের মাতাঠাকুরানীর লোকান্তে অত্র দলিলের আমি ২ নং বিক্রেতা মানিক মন্ডল তাহার পুত্র বিধায় ও আমি ৩ নং বিক্রেতা রেনুকা মন্ডল তাহার কন্যা বিধায় অত্র দাগে পিতৃত্যক্ত ০.০৪০০ অংশে ০.৪০০ ডেসিমল সম্পত্তি তুল্ল্যাংশে পৈতৃক ওয়ারিশ সূত্রে প্রাপ্ত হইয়াছি, অত্র দলিলের আমি ৪ নং বিক্রেতা সুকুমার মন্ডল, আমার নামিত ১০৩৬ নং খতিয়ান ভুক্ত ০.০৩৩৪ অংশে ০.৩৩৪ ডেসিমল, অত্র দলিলের আমি ৫ নং বিক্রেতা চন্ডী চরন মন্ডল, আমার নামিত ১৩৪৫ নং খতিয়ান ভুক্ত ০.০৬০০ অংশে ০.৬০০ ডেসিমল, অত্র দলিলের আমি ৬ নং বিক্রেতা পরিক্ষীত মন্ডল, আমার নামিত ১৩৪৬ নং খতিয়ান ভুক্ত ০.০৬০০ অংশে ০.৬০০ ডেসিমল, অত্র দলিলের আমি ৭ নং বিক্রেতা শীতল চন্দ্র

মন্ডল, আমার নামিত ১৩৮৫ নং খতিয়ান ভুক্ত ০.১২০০ অংশে ০১.২০০ ডেসিমল, অত্র দলিলের আমি ৮ নং বিক্রেতা চন্ডীচরন মন্ডল, আমার নামিত ১৫৪৬ নং খতিয়ান ভুক্ত ০.০৩০০ অংশে ০.৩০০ ডেসিমল এবং অত্র দলিলের আমি ৯ নং বিক্রেতা পঞ্চানন মন্ডল, আমার নামিত ১৫৪৭ নং খতিয়ান ভুক্ত ০.০৩০০ অংশে ০.৩০০ ডেসিমল এমতে অত্র আর. এস. ও এল. আর. ১৪২১/৩৪৯৬ দাগে রেকর্ড মতে জলজমি মোট ১০ ডেসিমল মধ্যে আমাদের নিজ নিজ নামিত খতিয়ান ভুক্ত এবং পৈতৃক ওয়ারিশ সূত্রে প্রাপ্ত ০৪.০৬৭ ডেসিমল সম্পত্তিতে আমরা এতাবৎ নির্বিবাদে নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববান/স্বত্ববতী ও ভোগদখলীকার/ভোগদখলকারিনী রহিয়াছি। ধার্য্য খাজনা ভূম্যাধিকারী পশ্চিমবঙ্গ সরকার আদায় পাইতেছেন।

**অত্র দলিলের আমরা ১ নং, ২ নং, ৩ নং, ৪ নং, ৫ নং, ৬ নং, ৭ নং, ৮ নং ও ৯ নং বিক্রেতাগন আমাদের স্বত্বদখলী তমলুক থানার অন্তর্গত জে. এল. নং ৩৯, আলিনান মৌজায়, বর্তমান এল. আর. সেটেলমেন্টে ৫০ নং, ৫২১ নং, ১০৩৬ নং, ১৩৪৫ নং, ১৩৪৬ নং, ১৩৮৫ নং, ১৫৪৬ নং এবং ১৫৪৭ নং খতিয়ানের অন্তর্গত আর. এস. ও এল. আর. ১৪২১/৩৪৯৬ দাগ ভুক্ত মোট ০৪.০৬৭ ডেসিমল সম্পত্তি অত্র দলিলের (ক) তপশীল বর্ণিত আমাদের বিক্রীত সম্পত্তি হইতেছে।**

ঐ জেলা পূর্ব মেদিনীপুর, থানা, মহকুমা ও অতিরিক্ত জেলা অবরনিবন্ধন অফিস তমলুক, **জে. এল. নং ৩৯, আলিনান মৌজায়,** আর. এস. ও এল. আর. ১৪২১/৩৪৯৭ দাগে রেকর্ড মতে পথ বর্তমান জলজমি মোট ০৬ ডেসিমল মধ্যে বর্তমান এল. আর. সেটেলমেন্টে অত্র দলিলের আমি ৮ নং বিক্রেতা চন্ডীচরন মন্ডল, আমার নামিত ১৫৪৬ নং খতিয়ান ভুক্ত ০.০৩১৩ অংশে ০.১৮৮ ডেসিমল, অত্র দলিলের আমি ৯ নং বিক্রেতা

পঞ্চানন মন্ডল, আমার নামিত ১৫৪৭ নং খতিয়ান ভুক্ত ০.০৩১২ অংশে ০.১৮৭ ডেসিমল এবং অত্র দলিলের আমি ১০ নং বিক্রেতা অদ্বৈত মন্ডল, আমার নামিত ৫৬ নং খতিয়ান ভুক্ত ০.০৬২৫ অংশে ০.৩৭৫ ডেসিমল এমতে অত্র আর. এস. ও এল. আর. ১৪২১/৩৪৯৭ দাগে মোট ০.৭৫০ ডেসিমল সম্পত্তি অত্র দলিলের আমরা ৮ নং, ৯ নং ও ১০ নং বিক্রেতাগন বর্তমান এল. আর. সেটেলমেন্টে আমাদের নিজ নিজ নামিত খতিয়ান ভুক্ত নিজ নিজ জোত স্বত্বদখলী সম্পত্তি হইতেছে। উক্ত জলজমিতে আমরা এতাবৎ নির্বিবাদে নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববান ও ভোগদখলীকার রহিয়াছি। ধার্য্য খাজনা ভূম্যাধিকারী পশ্চিমবঙ্গ সরকার আদায় পাইতেছেন।

**অত্র দলিলের আমরা ৮ নং, ৯ নং ও ১০ নং বিক্রেতাগন আমাদের স্বত্বদখলী তমলুক থানার অন্তর্গত জে. এল. নং ৩৯, আলিনান মৌজায়, বর্তমান এল. আর. সেটেলমেন্টে আমাদের নিজ নিজ নামিত যথাক্রমে ১৫৪৬ নং, ১৫৪৭ নং ও ৫৬ নং খতিয়ানের অন্তর্গত আর. এস. ও এল. আর. ১৪২১/৩৪৯৭ দাগ ভুক্ত মোট ০.৭৫০ ডেসিমল সম্পত্তি অত্র দলিলের (খ) তপশীল বর্ণিত আমাদের বিক্রীত সম্পত্তি হইতেছে।**

২) এক্ষনে আমাদের আবশ্যকীয় বৈধ ব্যয় নির্বাহ কারনে টাকার অত্যন্ত প্রয়োজন হওয়ায় বর্তমান এল. আর. সেটেলমেন্টে আমাদের নিজ নিজ নামিত খতিয়ান ভুক্ত ও পৈতৃক ওয়ারিশ সূত্রে প্রাপ্ত নিজ নিজ জোত স্বত্বদখলী নিম্ন (ক) তপশীল বিশদভাবে বর্ণিত **অত্র দলিলের আমরা ১ নং, ২ নং, ৩ নং, ৪ নং, ৫ নং, ৬ নং, ৭ নং, ৮ নং ও ৯ নং বিক্রেতাগন আমাদের স্বত্বদখলী তমলুক থানার অন্তর্গত জে. এল. নং ৩৯, আলিনান মৌজায়, বর্তমান এল. আর. সেটেলমেন্টে ৫০ নং, ৫২১ নং, ১০৩৬ নং, ১৩৪৫ নং, ১৩৪৬ নং, ১৩৮৫ নং, ১৫৪৬ নং এবং ১৫৪৭ নং খতিয়ানের অন্তর্গত আর. এস. ও**

**এল. আর. ১৪২১/৩৪৯৬ দাগ ভুক্ত মোট ০৪.০৬৭ ডেসিমল এবং নিম্ন** (খ) তপশীল বিশদভাবে বর্ণিত **অত্র দলিলের আমরা ৮ নং, ৯ নং ও ১০ নং বিক্রেতাগন আমাদের স্বত্বদখলী তমলুক থানার অন্তর্গত জে. এল. নং ৩৯, আলিনান মৌজায়, বর্তমান এল. আর. সেটেলমেন্টে আমাদের নিজ নিজ নামিত যথাক্রমে ১৫৪৬ নং, ১৫৪৭ নং ও ৫৬ নং খতিয়ানের অন্তর্গত আর. এস. ও এল. আর. ১৪২১/৩৪৯৭ দাগ ভুক্ত মোট ০.৭৫০ ডেসিমল এমতে (ক) ও (খ) তপশীল বর্নিত সর্বমোট ০৪.৮১৭ (চার দশমিক আট এক সাত) ডেসিমল সম্পত্তি** অত্র দলিলের আমরা বিক্রেতাগন একত্রে বিক্রয় করিবার জন্য সর্বত্র প্রকাশ করিলে আপনারা বাজার সর্বোচ্চ মূল্যে ক্রয় করিতে ইচ্ছা প্রকাশ করিয়াছেন। আমরাও উপরোক্ত সম্পত্তি আপনাদিগকে বিক্রয় করিতে সম্মত হইয়াছি।

৩) অতএব অদ্য অত্র বিক্রয় কোবালা দলিল দ্বারা, বর্তমান এল. আর. সেটেলমেন্টে আমাদের নিজ নিজ নামিত খতিয়ান ভুক্ত ও পৈতৃক ওয়ারিশ সূত্রে প্রাপ্ত নিজ নিজ জোত স্বত্বদখলী নিম্ন (ক) তপশীল বিশদভাবে বর্ণিত **অত্র দলিলের আমরা ১ নং, ২ নং, ৩ নং, ৪ নং, ৫ নং, ৬ নং, ৭ নং, ৮ নং ও ৯ নং বিক্রেতাগন আমাদের স্বত্বদখলী তমলুক থানার অন্তর্গত জে. এল. নং ৩৯, আলিনান মৌজায়, বর্তমান এল. আর. সেটেলমেন্টে ৫০ নং, ৫২১ নং, ১০৩৬ নং, ১৩৪৫ নং, ১৩৪৬ নং, ১৩৮৫ নং, ১৫৪৬ নং এবং ১৫৪৭ নং খতিয়ানের অন্তর্গত আর. এস. ও এল. আর. ১৪২১/৩৪৯৬ দাগ ভুক্ত মোট ০৪.০৬৭ ডেসিমল** এবং নিম্ন (খ) তপশীল বিশদভাবে বর্ণিত **অত্র দলিলের আমরা ৮ নং, ৯ নং ও ১০ নং বিক্রেতাগন আমাদের স্বত্বদখলী তমলুক থানার অন্তর্গত জে. এল. নং ৩৯, আলিনান মৌজায়, বর্তমান এল. আর. সেটেলমেন্টে আমাদের নিজ নিজ নামিত যথাক্রমে ১৫৪৬ নং, ১৫৪৭ নং ও ৫৬ নং খতিয়ানের অন্তর্গত আর. এস.**

**ও এল. আর. ১৪২১/৩৪৯৭ দাগ ভুক্ত মোট ০.৭৫০ ডেসিমল এমতে (ক) ও (খ) তপশীল বর্নিত সর্বমোট ০৪.৮১৭ (চার দশমিক আট এক সাত) ডেসিমল সম্পত্তি** সর্বমোট মঃ **২,৬৫,০০০ (দুই লক্ষ পঁয়ষট্টি হাজার)** টাকা মূল্য গ্রহণে আপনাদিগকে বিক্রয় করিয়া দিলাম এবং অদ্য হইতে অত্র বিক্রীত সম্পত্তিতে আপনাদিগকে সম্পূর্ণরূপে দখল দিলাম।

৪) আপনারা অদ্য হইতে অত্র বিক্রয় কোবালা দলিল দ্বারা, অত্র বিক্রীত সম্পত্তিতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান হইয়া দান বিক্রয় আদি সর্বপ্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিসানক্রমে যদৃচ্ছাভাবে পরমসুখে ভোগদখলীকার থাকুন।

৫) অদ্য হইতে অত্র বিক্রয় কোবালা দলিল দ্বারা, অত্র বিক্রীত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, লভ্য, অধিকার ও দখলাদি ছিল, তাহা আপনাদিগকে বর্তাইল। তাহাতে আমাদের বা আমাদের অন্যান্য ওয়ারিশগণের কাহারও কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া রহিল না বা ভবিষ্যতে থাকিবে না, করিলেও তাহা আইন আদালত সর্বস্থলে অগ্রাহ্য হইবে এবং অত্র দলিল আপনাদের অনুকূলে চিরকায়েম ও বলবৎ থাকিবে।

৬) অত্র বিক্রীত সম্পত্তি হইতে আমরা সম্পূর্ণরূপে নিঃস্বত্ববান/ নিঃস্বত্ববতী ও দখলচ্যুত হইলাম।

৭) অত্র বিক্রীত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় রহিয়াছে। যদি কোন প্রকার দায়াদি অর্থাৎ উক্ত সম্পত্তিতে আমাদের স্বত্বের কোনরূপ দূর্বলতা বা কোন সরকারী বা বেসরকারী ব্যাঙ্ক হইতে উক্ত সম্পত্তি বন্ধক দিয়া ঋণ গ্রহণ অথবা কোনরূপ বিক্রয় বা বিক্রয়ের জন্য বায়না গ্রহণের কারনে আমাদের স্বত্বের কোন প্রকার দুর্বলতা প্রকাশ পায় বা প্রমান হয়, তাহা হইলে আমরা বা আমাদের অবর্তমানে আমাদের ওয়ারিশগণ সমূহ প্রকার ক্ষতি খেসারতাদির জন্য দায়ী হইব / হইবে এবং আপনাদিগকে তৎকালিন বাজার সর্বোচ্চ মূল্য প্রদান করিতে বাধ্য থাকিব বা থাকিবে।

৮) অত্র বিক্রীত সম্পত্তির খাজনা ও ট্যাক্স আদি বাং ১৪৩১ সন হইতে ভূম্যাধিকারী পশ্চিম বঙ্গ সরকার সেরেস্তায় আদায় দিয়া নিজ নিজ নামে চেক দাখিলাদি গ্রহণ করিবেন।

৯) অত্র দলিলের পোষকতার জন্য বিক্রীত দাগের এল. আর. কম্পিউটার সার্চিং কপি আপনাদিগকে হাওলা দিলাম।

১০) অত্র দলিলে কোনো ভুল ত্রুটি প্রকাশ পাইলে আমরা বিক্রেতাগন উক্ত ভুল ত্রুটি-র জন্য সংশোধনপত্র বা ঘোষণাপত্র করিয়া দিতে বাধ্য থাকিলাম। উক্ত ভূমি আপনাদের নামিত রেকর্ড প্রস্তুত হওয়া কালীন যদি আমাদের কোনরূপ সহযোগীতা বা স্বাক্ষরের প্রয়োজন হয় তাহা হইলে আমরা স্ব স্ব-ইচ্ছায় স্বাক্ষর সহ সমস্ত রকমের সহযোগীতা করিতে বাধ্য থাকিব।

১১) প্রকাশ থাকে যে, গত ইং ১৫-০৪-১৯৯২ তারিখে তমলুক অতিরিক্ত জেলা অবরনিবন্ধন অফিসে রেজিষ্ট্রীকৃত ২৪০৫ নং বিক্রয় কোবালা দলিল দ্বারা তমলুক থানার অন্তর্গত জে. এল. নং ৩৯, আলিনান মৌজায়, আর. এস. ১৯৪ নং খতিয়ান ভুক্ত ১৪২১/৩৪৯৪ এবং ১৪২১/৩৪৯৬ দাগে মোট ০৫ ডেসিমল জলজমি চন্ডীচরণ মন্ডল এবং পরিক্ষীত মন্ডলের নিকট হইতে অত্র দলিলের ১ নং ক্রেতা কালিপদ মাল এবং অত্র দলিলের আপনি ২ নং ক্রেতা আপনার পিতা শ্রী চন্ডীচরণ মাল মহাশয় একত্রে ক্রয় করিয়া ১৪২১/৩৪৯৭ দাগে চিহ্নিত মতে পশ্চিমাংশে আপনারা দখল প্রাপ্ত হইয়াছিলেন কিন্তু বর্তমান এল. আর. সেটেলমেন্টে আপনাদের ক্রয়কৃত উক্ত ০৫ ডেসিমল ভূমি চন্ডীচরন মাল ও কালিপদ মাল মহাশয়ের নামে রেকর্ড লিপিবদ্ধ হয় নাই। উক্ত কারণে আমাদের অনুরোধ করায়, আমরা কোনরূপ মূল্য গ্রহন না করিয়া কেবলমাত্র আপনাদের নামে যাহাতে এল. আর. রেকর্ড প্রস্তুত হয় সেজন্য অত্র দলিল সম্পাদন ও রেজিষ্ট্রী করিলাম।

আরও প্রকাশ থাকে যে, অত্র দলিলের বিক্রীত ১৪২১/৩৪৯৬ দাগ এবং ১৪২১/৩৪৯৭ দাগে মোট ০৪.৮১৭ ডেসিমল জলজমি আপনাদের স্বত্বদখলী ১৪৬৭ দাগের পূর্ব পার্শ্বে ১৪২১/৩৪৯৭ দাগের চিহ্নিত মতে পশ্চিমাংশে যেরূপভাবে ভোগদখলীকার ছিলেন সেইরূপভাবে ভবিষ্যতেও ভোগদখলীকার থাকিবেন। তাহাতে কাহারও কোনোরূপ ওজর আপত্তি চলবে না, করিলেও সর্বত্র বাতিল ও নামঞ্জুর হইবে।

১২) এতদর্থে অত্র দলিলের সকল মর্ম আমরা সবিশেষ বুঝিয়া আপন আপন ইচ্ছায় সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনা প্ররোচনায় সাক্ষীগণ সাক্ষাতে আপনাদের নিকট হইতে সর্বমোট মূল্য মঃ **২,৬৫,০০০ (দুই লক্ষ পঁয়ষট্টি হাজার)** টাকার মধ্যে ২০,০০০ টাকা

নগদ এবং অবশিষ্ট টাকা যে যাহার প্রাপ্য অংশ অনুযায়ী গ্রহণ করিয়া অত্র বিক্রয় কোবালাপত্র দলিল আপনাদের অনুকূলে যথারীতি সম্পাদন করিয়া দিলাম। ইতি –

বাংলা :- ১৪৩১ (চৌদ্দশত একত্রিশ) সাল, তারিখ ১৮ (আঠারই) ভাদ্র।

ইংরাজী :- ২০২৪ (দুই হাজার চব্বিশ) সাল, তারিখ ০৪ (চারই) সেপ্টেম্বর।

# বিক্রীত সম্পত্তির তপশীল বিবরণ

## (ক) তপশীল বর্ণিত সম্পত্তি যাহা অত্র দলিলের ১ নং, ২ নং, ৩ নং, ৪ নং, ৫ নং, ৬ নং, ৭ নং, ৮ নং ও ৯ নং বিক্রেতাগনের বিক্রীত সম্পত্তি হইতেছে।

জেলা পূর্ব মেদিনীপুর, থানা, মহকুমা ও অতিরিক্ত জেলা অবরনিবন্ধন অফিস তমলুক, **জে. এল. নং ৩৯, আলিনান মৌজায়**। রায়ত দখলীয় স্বত্ব বিশিষ্ট।

বর্তমান এল. আর. সেটেলমেন্টে অত্র দলিলের

আমি ১ নং বিক্রেতা অশোক মণ্ডল, আমার নামিত ৫০ নং খতিয়ান ভুক্ত

আমরা ২ নং ও ৩ নং বিক্রেতাদ্বয়, আমাদের পিতাঠাকুর প্রফুল্ল মন্ডল-এর নামিত ৫২১ নং খতিয়ান ভুক্ত

আমি ৪ নং বিক্রেতা সুকুমার মণ্ডল, আমার নামিত ১০৩৬ নং খতিয়ান ভুক্ত

আমি ৫ নং বিক্রেতা চন্ডী চরন মন্ডল, আমার নামিত ১৩৪৫ নং খতিয়ান ভুক্ত

আমি ৬ নং বিক্রেতা পরিক্ষীত মন্ডল, আমার নামিত ১৩৪৬ নং খতিয়ান ভুক্ত

আমি ৭ নং বিক্রেতা শীতল চন্দ্র মন্ডল, আমার নামিত ১৩৮৫ নং খতিয়ান ভুক্ত

আমি ৮ নং বিক্রেতা চন্ডীচরন মন্ডল, আমার নামিত ১৫৪৬ নং খতিয়ান ভুক্ত

আমি ৯ নং বিক্রেতা পঞ্চানন মন্ডল, আমার নামিত ১৫৪৭ নং খতিয়ান ভুক্ত

১) **আর. এস. ও এল. আর. ১৪২১/৩৪৯৬ (এক হাজার চারশত একুশ দাগের বাটা তিন হাজার চারশত ছিয়ানব্বই)** দাগে রেকর্ড মতে জলজমি মোট ১০ ডেসিমল মধ্যে বর্তমান এল. আর. সেটেলমেন্টে অত্র দলিলের

আমি **১** নং বিক্রেতা, আমার নামিত **৫০ নং খতিয়ান ভুক্ত ০.০৩৩৩ অংশে ০.৩৩৩ ডেসিমল,**

আমরা ২ নং ও ৩ নং বিক্রেতাদ্বয়, আমাদের পিতাঠাকুর প্রফুল্ল মন্ডল-এর নামিত **৫২১ নং খতিয়ান ভুক্ত** যাহা পৈতৃক ওয়ারিশ সূত্রে আমাদের প্রাপ্ত **০.০৪০০ অংশে ০.৪০০ ডেসিমল**

আমি ৪ নং বিক্রেতা, আমার নামিত **১০৩৬ নং খতিয়ান ভুক্ত ০.০৩৩৪ অংশে ০.৩৩৪ ডেসিমল,**

আমি ৫ নং বিক্রেতা, আমার নামিত **১৩৪৫ নং খতিয়ান ভুক্ত ০.০৬০০ অংশে ০.৬০০ ডেসিমল,**

আমি ৬ নং বিক্রেতা, আমার নামিত **১৩৪৬ নং খতিয়ান ভুক্ত ০.০৬০০ অংশে ০.৬০০ ডেসিমল,**

আমি ৭ নং বিক্রেতা, আমার নামিত **১৩৮৫ নং খতিয়ান ভুক্ত ০.১২০০ অংশে ০১.২০০ ডেসিমল,**

আমি ৮ নং বিক্রেতা, আমার নামিত **১৫৪৬ নং খতিয়ান ভুক্ত ০.০৩০০ অংশে ০.৩০০ ডেসিমল,**

আমি ৯ নং বিক্রেতা, আমার নামিত **১৫৪৭ নং খতিয়ান ভুক্ত ০.০৩০০ অংশে ০.৩০০ ডেসিমল,**

এমতে অত্র দাগে আটটি এল. আর. খতিয়ান ভুক্ত মোট ০.৪০৬৭ অংশে **০৪.০৬৭ (চার দশমিক শূন্য ছয় সাত) ডেসিমল সম্পত্তি** আপনাদিগকে বিক্রয় করিলাম।

**বিক্রীত দাগের চৌহদ্দি –**

**উত্তর – ১৪৬৪/৩৫০৩ দাগ।** **দক্ষিণ – ১৪২১/৩৪৯৫ দাগ।**

**পূর্ব – ১৪২১/৩৪৯৪ দাগ।** **পশ্চিম – ১৪২১/৩৪৯৭ ও ১৪২১/৩৪৯৮ দাগ।**

**(ক) তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তির পরিমান - ০৪.০৬৭ (চার দশমিক শূন্য ছয় সাত) ডেসিমল।**

বার্ষিক রাজস্ব – **১**.২৫ টাকা।

**মূল্য – ২,২৩,৬৮৫ টাকা।**

## (খ) তপশীল বর্ণিত সম্পত্তি যাহা অত্র দলিলের ৮ নং, ৯ নং ও ১০ নং বিক্রেতাগনের বিক্রীত সম্পত্তি হইতেছে।

জেলা পূর্ব মেদিনীপুর, থানা, মহকুমা ও অতিরিক্ত জেলা অবরনিবন্ধন অফিস তমলুক, **জে. এল. নং ৩৯, আলিনান মৌজায়**। রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট ।

বর্তমান এল. আর. সেটেলমেন্টে অত্র দলিলের

আমি ৮ নং বিক্রেতা চন্ডীচরন মন্ডল, আমার নামিত **১**৫৪৬ নং খতিয়ান ভুক্ত

আমি ৯ নং বিক্রেতা পঞ্চানন মন্ডল, আমার নামিত **১**৫৪৭ নং খতিয়ান ভুক্ত

আমি **১**০ নং বিক্রেতা অদ্বৈত মন্ডল, আমার নামিত ৫৬ নং খতিয়ান ভুক্ত

১) **আর. এস. ও এল. আর. ১৪২১/৩৪৯৭ (এক হাজার চারশত একুশ দাগের বাটা তিন হাজার চারশত সাতানব্বই)** দাগে রেকর্ড মতে পথ বর্তমান জলজমি মোট ০৬ ডেসিমল মধ্যে বর্তমান এল. আর. সেটেলমেন্টে অত্র দলিলের

আমি ৮ নং বিক্রেতা, আমার নামিত **১৫৪৬ নং খতিয়ান ভুক্ত ০.০৩১৩ অংশে ০.১৮৮ ডেসিমল**

আমি ৯ নং বিক্রেতা, আমার নামিত **১৫৪৭ নং খতিয়ান ভুক্ত ০.০৩১২ অংশে ০.১৮৭ ডেসিমল**

আমি ১০ নং বিক্রেতা, আমার নামিত **৫৬ নং খতিয়ান ভুক্ত ০.০৬২৫ অংশে ০.৩৭৫ ডেসিমল**

এমতে অত্র দাগে তিনটি এল. আর. খতিয়ান ভুক্ত মোট ০.১২৫০ অংশে **০.৭৫০ (শূন্য দশমিক সাত পাঁচ শূন্য) ডেসিমল সম্পত্তি** আপনাদিগকে বিক্রয় করিলাম।

**বিক্রীত দাগের চৌহদ্দি –**

**উত্তর -১৪৬৪/৩৫০৩ দাগ।**

**দক্ষিণ – ১৪২১/৩৪৯৮ দাগ।**

**পূর্ব – ১৪২১/৩৪৯৬ দাগ।**

**পশ্চিম – ১৪৬৭ দাগে ২ নং ক্রেতার পিতা চন্ডীচরন মাল-এর দখলীয় ভূমি।**

**(খ) তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তির পরিমান – ০.৭৫০ (শূন্য দশমিক সাত পাঁচ শূন্য) ডেসিমল।**

বার্ষিক রাজস্ব – ০.২৫ টাকা।

**মূল্য – ৪১,৩১৫ টাকা।**

অত্র কোবালায় (ক) ও (খ) তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তির

সর্বমোট পরিমান – **০৪.৮১৭ (চার দশমিক আট এক সাত)** ডেসিমল।

মোট বার্ষিক রাজস্ব – **১**.৫০ টাকা।

সর্বমোট মূল্য – **২,৬৫,০০০ (দুই লক্ষ পঁয়ষট্টি হাজার)** টাকা।

বর্তমান মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে বি. এল. এন্ড এল. আর. ও. তমলুক ২, মোঃ চাঠরা, জেলা পূর্ব মেদিনীপুর।